Deaf Child Worldwide

# ডেফ চাইল্ড ওয়ার্ল্ডওয়াইড শিশু নিরাপত্তা এবং সুরক্ষার জন্য নূন্যতম আদর্শমান

এই আদর্শমানগুলিকে সেরা কর্মপদ্ধতি হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। ডেফ চাইল্ড ওয়ার্ল্ডওয়াইড এবং আমাদের সহযোগী সংস্থাগুলির দ্বারা কোন কোন নিরাপত্তা ব্যবস্থা নিতেহবে ও কিসের নিরিখ তা পরিমাপ করতে হবে তার মানদন্ড হিসাবে এই আদর্শমানকে ব্যবহার করা হতে পারে।

এই আদর্শমানে মানগুলিতে একটি সার্বিক জানানো রয়েছে ,যা আমাদের সহযোগীদেরা তাদের নিজস্ব পরিবেশ এবং পরিস্থিতিতে এই নীতিগুলি কার্যকর করে তুলতে ও ব্যবহার করতে পারেন।

এই আদর্শমান গুলির আমাদের সহযোগীদের জন্য শিশু সুরক্ষার প্রশিক্ষণ এবং নীতি গত বিকাশের ব্যবস্থা প্রদান করে থাকি।

# আদর্শমান 1: নীতি

সহযোগী সংস্থাগুলির সাথে চুক্তিবদ্ধ হওয়ার সময়, ডেফ চাইল্ড ওয়ার্ল্ডওয়াইডের শর্তমত, তাদের কাছে শিশু নিরাপত্তা এবং সুরক্ষার নীতি থাকা উচিত বা সেটি তৈরি করার জন্য প্রস্তুত থাকা উচিত। সব শিশু এবং প্রাপ্তবয়স্কদের ক্ষতি প্রতিরোধ করার জন্য কী কী পদ্ধতি আছে তার সংক্ষিপ্ত বর্ণনা এই নীতিতে জানাতে হবে এবং নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তার কারণ দেখা দিলে কীভাবে উপযুক্ত উপায়ে সাড়া দেওয়া দরকার তা বুঝিয়ে দিতে হবে।

## কেন?

শিশু নিরাপত্তা এবং সুরক্ষার নীতি তৈরি করে সংস্থা সবাইকে স্পষ্টভাবে জানিয়ে দেয় যে সবসময় শিশুদের সুরক্ষিত রাখতে হবে এবং তাদের যেকোনো প্রকারের ক্ষতি বা দুর্ব্যবহারের আশঙ্কামুক্ত রাখতে হবে।

এই নীতিতে:

- জাতিসংঘের কনভেনশন অফ দ্য রাইটস অফ দ্য চাইল্ড (UNCRC)-এর নীতির প্রতিফলন থাকা প্রয়োজন।
- 'শিশু', 'প্রাপ্তবয়স্ক' এবং 'দুর্ব্যবহার' এর উপযুক্ত সংজ্ঞা জানাতে হবে এবং বিভিন্ন প্রকারের ক্ষতি এবং দুর্ব্যবহারের উল্লেখ করতে হবে।
- সব কর্মচারী, স্বেচ্ছাসেবী, ইনটার্ন অর্থাৎ শিক্ষানবিশ, উপদেষ্টা, ইন্টারপ্রেটার এবং সংস্থার কর্মসূচির অতিথিদের অন্তর্ভুক্ত করতে হবে
- সংগঠনের প্রাসঙ্গিক পরিচালকবর্গের অনুমোদন এবং সমর্থন নিয়ে নিতে হবে এবং প্রতি তিন বছরে পুনর্বিচার করতে হবে
- নিরাপদ কর্মপ্রণালীর প্রতি সতর্ক লক্ষ্য রাখার ব্যাপারে ম্যানেজার, ডিরেক্টর এবং ট্রাস্টিদের দায়িত্ব স্পষ্টভাবে জানিয়ে দিতে হবে
- সিনিয়র কর্মচারী বা ট্রাস্টিদের বিরুদ্ধে যদি কোনো অভিযোগ আসে সেক্ষেত্রে যে প্রণালী অনুসরণ করতে হবে তা জানিয়ে দিতে হবে
- উপযুক্ত উপায়ে প্রচার করতে হবে, বিভিন্ন ভাষায় এবং ফরম্যাটে অনুবাদ করে দিতে হবে যাতে বধির শিশু এবং প্রাপ্তবয়স্করা সহজে সেসব দেখতে পারে এবং ব্যাপক স্তরে বিতরণ করতে হবে।

এই আদর্শমান যে পূরণ করা হচ্ছে তার প্রমাণস্বরূপ নিম্নোক্ত ডকুমেন্টগুলি ব্যবহার করা যাবে।

- নীতির প্রতিলিপি, তাতে পরিচালকবর্গের তারিখসহ স্বাক্ষর করে দিতে হবে।
- নীতি স্থানীয় ভাষায় অনূদিত।
- এই নীতি যেভাবে বধির শিশু এবং তাদের পরিবারবর্গসহ সর্বসাধারণের সাথে ভাগ করে নেওয়া এবং প্রসার প্রচার করা হচ্ছে তার উদাহরণ।

# আদর্শমান 2: পদ্ধতি

সহযোগী সংস্থাদের তাদের বর্তমান ব্যবস্থায় শিশু নিরাপত্তার প্রক্রিয়া এবং পদ্ধতি অর্ন্তভূক্ত করে শিশুর জন্য নিরাপদ পরিবেশ রাখতে হবে, বা তৈরি করে নিতে হবে। শিশু নিরাপত্তা এবং সুরক্ষার নীতি পূরণ করার জন্য প্রয়োজনীয় ধাপগুলির বিস্তারিত বর্ণনা এইসব প্রণালীতে জানাতে হবে।

## কেন?

সংস্থায় সর্বত্র শিশুর নিরাপত্তা যে অর্ন্তভূক্ত করে নেওয়া হয়েছে তা নিরাপত্তার কার্যকর প্রণালী এবং প্রক্রিয়া সুনিশ্চিত করতে পারবে। নিরাপত্তা নিয়ে কোনোরকম দুশ্চিন্তা হলে সেসব সামলাতে, কর্মচারীরা এর সাহায্যে নিঃসংশয় হয়ে কাজ করতে পারবেন। এইগুলি সব সংস্থায় ও কর্মসূচীতে বিপদের আশঙ্কা কম করবে।

সহযোগী সংগঠনদের অবশ্যই:

- তাদের সংগঠনের মধ্যে এবং বাইরে কোনো দুশ্চিন্তার কারণ ঘটলে এবং শিশু নিরাপত্তার ঘটনার জন্য স্থানীয় স্তরে যথোপযুক্ত সাড়া দেওয়ার এবং রিপোর্ট করার প্রক্রিয়া তৈরি করে রাখতে হবে
- তাদের নীতিতে, গোপনীয়তা, তথ্য নিরাপত্তা এবং ব্যক্তিগত তথ্য কীভাবে জমা করে রাখতে হয় সে বিষয়ে কর্মচারীদের পথনির্দেশ জানিয়ে দিতে হবে
- তাদের নীতিতে, শিশু এবং প্রাপ্তবয়স্কদের ফটোগ্রাফ, ফিল্ম এবং কেস স্টাডি ব্যবহারের পথনির্দেশ জানিয়ে দিতে হবে
- বধির শিশু এবং প্রাপ্তবয়স্কদের ছবি এবং তাদের বিষয়ে ব্যক্তিগত তথ্য ব্যবহারের জন্য, তাদের কাছ থেকে জ্ঞাত সম্মতি চেয়ে নেওয়ার প্রণালী তৈরি করতে হবে।

এই আদর্শমান যে পূরণ করা হচ্ছে তার প্রমাণস্বরূপ নিম্নোক্ত ডকুমেন্টগুলি ব্যবহার করা যায়।

- কর্মচারীরা কীভাবে নিরাপত্তা সংক্রান্ত দুশ্চিন্তা এবং ঘটনার তথ্য উপযুক্ত উপায়ে সামলান এবং মীমাংসার ব্যবস্থা করেন তা দেখানোর জন্য রিপোর্টিং ফ্লোচার্ট।
- বধির শিশু এবং প্রাপ্তবয়স্ক এবং তাদের বাবা মায়ের জন্য সম্মতি ফরমের টেমপ্লেট।

# আদর্শমান 3: লোকজন

Deaf Child Worldwide

সহযোগী সংস্থাদের সব কর্মচারী এবং ভাগীদারদের অর্থাৎ স্টেকহোল্ডারদের স্পষ্ট দায়িত্ব দিতে এবং প্রত্যাশা জানিয়ে দিতে হবে – এবং তারা যাতে শিশু নিরাপত্তা এবং সুরক্ষার নীতি এবং প্রণালী বুঝতে পারে এবং সেইমত কাজ করতে পারে সেইজন্য তাদের সাহায্য করতে হবে।

## কেন?

শিশুর নিরাপত্তার দায়িত্ব প্রত্যেকের; এখানে আমাদের সকলের একটি ভূমিকা আছে। সংস্থাদের সুনিশ্চিত করতে হবে যে, বধির শিশু এবং প্রাপ্তবয়স্ক এবং তাদের পরিবারসহ তাদের সাথে যারা জড়িত আছেন তারা সকলে যেন শিশুকে সুরক্ষিত করার বিষয়টা বুঝতে পারে।

সহযোগী সংগঠনদের অবশ্যই এইগুলি করতে হবে:

- সংগঠনের বিভিন্ন স্তরে কর্মচারীদের নিরাপত্তার দায়িত্ব দিয়ে রাখতে হবে, তাদের কর্তব্যের সাথে সেটি স্পষ্টভাবে বুঝিয়ে দিতে হবে
- নিয়োগের সব প্রক্রিয়ায় যাতে নিরাপত্তা পদ্ধতি থাকে তা সুনিশ্চিত করতে হবে–তাতে স্বেচ্ছাসেবী, শিক্ষানবিশ এবং ইন্টারপ্রেটার নিয়োগও গণ্য হবে
- সব কর্মচারীদের শিশু নিরাপত্তা এবং সুরক্ষার পূর্ণ প্রশিক্ষণ দেওয়া সুনিশ্চিত করতে হবে এবং প্রতি বছর এই প্রশিক্ষণ রিফ্রেশ করে নিতে হবে এবং প্রতি তিন বছরে সম্পূর্ণ নবীকরণ করে নিতে হবে
- তত্ত্বাবধান, দলবদ্ধ মিটিং এবং মূল্যায়নের মাধ্যমে সমস্যা বা দুশ্চিন্তার বিষয়ে আলোচনা করে পরিচালকবর্গ যাতে শিশু নিরাপত্তা এবং সুরক্ষা বিচার বিবেচনা করে তা সুনিশ্চিত করবে
- তাদের শিশু নিরাপত্তা এবং সুরক্ষার নীতিতে একটি আচরণ বিধি রাখবে, তাতে কর্মচারী, স্বেচ্ছাসেবী, শিক্ষানবিশ এবং ইন্টারপ্রেটারের জন্য যে আচরণগুলি উপযুক্ত তার সংক্ষিপ্ত বর্ণনা করতে হবে
- সব কর্মচারী যাতে সুরক্ষার নীতির প্রতিশ্রুতি দিয়ে বিবৃতিতে স্বাক্ষর করে দেয় তা সুনিশ্চিত করতে হবে
- তারা যে সমাজ সম্প্রদায় এবং পরিবারের সাথে কাজ করছে সেখানে, ব্যাপক অর্থে, শিশু নিরাপত্তা এবং সুরক্ষার প্রয়োজনীয়তার প্রসার করবে।

এই আদর্শমান যে পূরণ করা হচ্ছে তার প্রমাণস্বরূপ নিম্নোক্ত ডকুমেন্টগুলি ব্যবহার করা যায়।

- প্রশিক্ষণের পরিকল্পনার প্রতিলিপি এবং কোর্সে উপস্থিতির রেকর্ড।
- বিশেষজ্ঞের পরামর্শ এবং তথ্য সম্বলিত যোগাযোগের তালিকা।
- নিয়োগের বিজ্ঞাপন এবং চাকরির চুক্তি, আবেদন বা রেফারেন্স ফরমের নমুনা।
- আচরণবিধি।
- কর্মচারী, সহযোগী, শিশু এবং সম্প্রদায়ের জন্য রিপোর্ট করার পদ্ধতির বিষয়ে নির্দেশিকা।



ন্যাশনাল ডেফ চিল্ড্রেনস সোসাইটি ইংল্যান্ড এবং ওয়েলসে 1016532 নম্বরে এবং স্কটল্যান্ডে SC040779 নম্বরে রেজিস্ট্রিকৃত দাতব্য প্রতিষ্ঠান।